

হেরি অহরহ তোমারি বিরহ ভুবনে ভুবনে রাজে হে ।

কত রূপ ধ'রে কাননে ভূধরে আকাশে সাগরে সাজে হে ।

সারা নিশি ধরি তারায় তারায় অনিমেষ চোখে নীরবে দাঁড়ায়,

পল্লবদলে শ্রাবণধারায় তোমারি বিরহ বাজে হে ।

ঘরে ঘরে আজি কত বেদনায় তোমারি গভীর বিরহ ঘনায়,

কত প্রেমে হয় কত বাসনায় কত সুখে দুখে কাজে হে ।

সকল জীবন উদাস করিয়া কত গানে সুরে গলিয়া ঝরিয়া

তোমারি বিরহ উঠিছে ভরিয়া আমার হিয়ার মাঝে হে ।

---

Parjaay: Puja, Taal: Choutaal / Ektaal, Raag: Mishra Kanara

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail